গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২১ এপ্রিল ২০১৫, ৮ বৈশাখ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নির্দেশ প্রধানমন্ত্রীর
২। মন্ত্রিসভার বৈঠকে ভারতে ব্যান্ডউইথ রপ্তানির চুক্তির প্রস্তাব অনুমোদন
৩। মন্ত্রী-এমপিদের আচরণবিধি মেনে সিটি কর্পোরেশন নির্বাচনে কাজ করার নির্দেশ প্রধানমন্ত্রীর
৪। নির্বাচনের মাঠে নেমে বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়া নাটক করছেন : প্রধানমন্ত্রী
৫। ২০১৫-১৬ অর্থবছরে এডিপি হবে এক লাখ কোটি টাকার : পরিকল্পনামন্ত্রী
৬। ওষুধের মূল্য ক্রয় ক্ষমতার মধ্যে রাখার আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর
৭। রাজউককে ঝুঁকিপূর্ণ ভবনের তালিকা দেওয়ার নির্দেশ হাইকোর্টের
৮। বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার পথসভা ও গাড়িবহরে হামলা
৯। ভূমধ্যসাগরে নৌকাডুবির ঘটনায় এক বাংলাদেশিকে জীবিত উদ্ধার
১০। প্রশাসনিক পদ ছাড়লেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৩৫ শিক্ষক
১১। ভারত থেকে তেল আমদানির সমঝোতা স্মারক সই

চলমান পাতা/২

১। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলমান উন্নয়ন কর্মকাণ্ড এগিয়ে নিতে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলা প্রশাসন ও পুলিশকে নির্দেশ দিয়েছেন। এক্ষেত্রে তিনি সাম্প্রতিক সহিংসতার জন্য দায়ী প্রত্যেক অপরাধীকে গ্রেফতার করতে আইন প্রয়োগকারী সংস্থাগুলোর যৌথ অভিযান অব্যাহত রাখতে কর্মকর্তাদের নির্দেশ দেন। প্রধানমন্ত্রী বলেন, 'জনগণকে নিরাপত্তা দিতে এবং অপরাধীরা নির্মূল না হওয়া পর্যন্ত আপনাদের সব সময় প্রস্তুত থাকতে হবে।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২০ এপ্রিল সোমবার বাংলাদেশ সচিবালয় থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মানিকগঞ্জ ও সুনামগঞ্জ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির উদ্দেশে ভাষণদানকালে এ নির্দেশ দেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২)। জনকণ্ঠ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। মন্ত্রিসভার বৈঠকে ভারতে ব্যান্ডউইথ রপ্তানির চুক্তির প্রস্তাব অনুমোদন

অব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইথ ভারতে রপ্তানি করার বিষয়ে একটি চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। ভারতের উত্তর-পূর্বাঞ্চলে এই রপ্তানি থেকে বছরে বৈদেশিক মুদ্রায় ৯ কোটি ৪২ লাখ টাকা (এক দশমিক দুই মিলিয়ন মার্কিন ডলার) পাওয়া যাবে। গতকাল ২০ এপ্রিল সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন ভূইঞা সংবাদ ব্রিফিংয়ে এ তথ্য জানান। সূত্র-প্রথম আলো (পৃ.৭,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৬), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৪)।

৩। মন্ত্রী-এমপিদের আচরণবিধি মেনে সিটি কর্পোরেশন নির্বাচনে কাজ করার নির্দেশ প্রধানমন্ত্রীর

নির্বাচন কমিশনের আচরণবিধি যথাযথভাবে মেনে মন্ত্রিসভার সদস্য ও সংসদ সদস্যদের সিটি কর্পোরেশন নির্বাচনে দলীয় প্রার্থীদের পক্ষে কাজ করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আর রাজধানীর পূর্বাচল উপশহরে ৭০ হাজার দর্শক ধারণক্ষমতার আন্তর্জাতিক মানের একটি স্টেডিয়াম নির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। গতকাল ২০ এপ্রিল সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে তিনি এ নির্দেশ দেন বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৮), ইনকিলাব (পৃ.১,ক.৮)।

৪। নির্বাচনের মাঠে নেমে বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়া নাটক করছেন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মানুষকে যন্ত্রণা দিতে বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া আবারও নির্বাচনী প্রচারের নামে মাঠে নেমে নাটক শুরু করেছেন। মানুষ যখন স্বতঃস্ফূর্তভাবে নির্বাচনে অংশ নিয়েছে, জনমনে স্বস্তি ফিরে এসেছে, তখনই তিনি নাটক সৃষ্টি করছেন। জনভোগান্তির এই নাটক বন্ধ করার জন্য তিনি বিএনপি নেত্রীর প্রতি আহ্বান জানান। গতকাল ২০ এপ্রিল সোমবার রাতে গণভবনে আওয়ামী লীগের সংসদীয় বোর্ডের সভায় সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ইত্তেফাক (পৃ.১,ক.৬), সমকাল (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৭), ডেইলি সান (পৃ.১,ক.৬)।

৫। ২০১৫-১৬ অর্থবছরে এডিপি হবে এক লাখ কোটি টাকার : পরিকল্পনামন্ত্রী

আগামী ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আকার ১ লাখ কোটি টাকা হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, এরমধ্যে মেগা প্রকল্পগুলোতে বরাদ্দ দেওয়া হবে ২০ থেকে ২৫ হাজার কোটি টাকা। আগামী অর্থবছর শেষে এসব মেগা প্রকল্পগুলো দৃশ্যমান হবে। গতকাল ২০ এপ্রিল সোমবার পরিকল্পনা কমিশনের এনইসি সম্মেলন কক্ষে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি ও ব্যয় বিবেচনায় সর্বনিম্ন অগ্রগতি সম্পন্ন ১০টি মন্ত্রণালয়ের সচিবদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), প্রথম আলো (পৃ.১৫,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৬)।

৬। ওষুধের মূল্য ক্রয় ক্ষমতার মধ্যে রাখার আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর

ওষুধের মূল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রাখতে ওষুধ কোম্পানি মালিকদের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। ওষুধ শিল্প সমিতির নবনির্বাচিত কমিটির নেতারা গতকাল ২০ এপ্রিল সোমবার সচিবালয়ে মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। স্বাস্থ্যমন্ত্রী বলেন, জনগণের অর্থনৈতিক জীবনমানের সঙ্গে সঙ্গতি রেখে ওষুধের মূল্য নির্ধারণ করলে দরিদ্র মানুষের কষ্ট লাঘব হবে। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৫)।

৭। রাজউককে ঝুঁকিপূর্ণ ভবনের তালিকা দেওয়ার নির্দেশ হাইকোর্টের

রাজধানী ঢাকা ও এর আশপাশের এলাকার ঝুঁকিপূর্ণ ভবনের তালিকা দিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষকে (রাউজক) নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে সাভারে রানা প্লাজা ধসের ঘটনায় দায়ের করা মামলাগুলোর সর্বশেষ অবস্থা জানাতে সাভার থানার ওসিকে বলা হয়েছে। সংশ্লিষ্টদের আগামী ২৬ এপ্রিল এসব প্রতিবেদন

আদালতে দাখিল করার নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ২০ এপ্রিল সোমবার বিচারপতি মির্জা হোসেইন হায়দার ও বিচারপতি আব্দুর রব সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), সমকাল (পৃ.১৭,ক.১), নিউ এজ (শেষ পৃ.,ক.২)।

৮। বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার পথসভা ও গাড়িবহরে হামলা

রাজধানীর কারওয়ান বাজারে বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার পথসভা ও গাড়িবহরে হামলা হয়েছে। গতকাল ২০ এপ্রিল সোমবার সন্ধ্যা ছয়টার দিকে রাজধানীর কারওয়ান বাজার এলাকায় এ হামলা চালানো হয় বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন। খালেদা জিয়া তখন মেয়র পদপ্রার্থী তাবিথ আউয়ালের পক্ষে প্রচারণা চালাচ্ছিলেন। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.৬), ইত্তেফাক (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)। সমকাল, যুগান্তর, ইনকিলাব, নিউজ টুডে, নিউ নেশন, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। ভূমধ্যসাগরে নৌকাডুবির ঘটনায় এক বাংলাদেশিকে জীবিত উদ্ধার

ভূমধ্যসাগরে প্রায় ৭০০ অভিবাসী নিয়ে গত ১৮ এপ্রিল শনিবার মধ্যরাতে ডুবে যাওয়া নৌকাটিতে এক বাংলাদেশি নাগরিকও ছিলেন। তাকে জীবিত উদ্ধার করা হয়েছে। ইতালির শহর কাতানিয়ার একটি হাসপাতালে তার চিকিৎসা চলছে। আফ্রিকা থেকে সাগর পথে অবৈধভাবে ইউরোপ যাওয়ার সময় গত ১৮ এপ্রিল শনিবার লিবিয়া উপকূলের কাছে ডুবে যাওয়া নৌকাটিতে ৭০০ জনের মধ্যে ঠিক কতজন বাংলাদেশি ছিলেন তা এখনও নিশ্চিত নয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম গতকাল ২০ এপ্রিল সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে বাংলাদেশি উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেন। সূত্র-যুগান্তর (পৃ.১৭,ক.৪), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.২)।

১০। প্রশাসনিক পদ ছাড়লেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৩৫ শিক্ষক

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের পদত্যাগের দাবিতে আন্দোলনরত ৩৫ শিক্ষক বিভিন্ন প্রশাসনিক পদ থেকে সরে দাঁড়িয়েছেন। গত ১৫ এপ্রিল 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদ'-এর এক সভায় উপাচার্য অধ্যাপক আমিনুল হক ভূঁইয়াকে পদত্যাগের জন্য ১৯ এপ্রিল রোববার বিকাল ৫টা পর্যন্ত সময় বেঁধে দেওয়া হয়। সেখানেই সিদ্ধান্ত হয়, উপাচার্য পদত্যাগ না করলে পরিষদের শিক্ষকরাও প্রশাসনিক পদে থাকবেন না। সূত্র-যায়যায়দিন (পৃ.১, ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান (শেষ পৃ.,ক.৫)।

১১। ভারত থেকে তেল আমদানির সমঝোতা স্মারক সই

ভারতের নুমালিগড় থেকে তেল আমদানির জন্য একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)। গতকাল ২০ এপ্রিল সোমবার ঢাকায় এই এমওইউ স্বাক্ষরিত হয়। এর ভিত্তিতে আগামী এক মাসের মধ্যে ভারতের পেট্রোলিয়াম কর্পোরেশনের সঙ্গে বিপিসির একটি তেল ক্রয় চুক্তি হওয়ার কথা রয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.৮), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), নিউ এজ (শেষ পৃ.,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র প্রার্থীরা রাজধানী ঢাকাকে সব নাগরিকের বাসযোগ্য করতে রাজনৈতিক বিভেদ পরিহার করে ঐক্যবদ্ধ হওয়ার যে প্রয়াস ব্যক্ত করেছেন তাকে স্বাগত;

খ. ইত্তেফাক : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যে অরাজকতা বিরাজ করছে তা নিরসনে শিক্ষক ও শিক্ষার্থীদের একযোগে কাজ করার আহ্বান;

গ. জনকণ্ঠ : প্রাকৃতিক ও মানবসৃষ্ট কারণে দেশের পশু-পাখি হ্রাস পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে পরবর্তী প্রজন্মের জন্য প্রাকৃতিক পরিবেশ বজায় রাখতে পরিবেশের ভারসাম্য রক্ষা ও পশু-পাখিদের নিরাপত্তা নিশ্চিত করার উদ্যোগ নিতে হবে বলে মন্তব্য;

ঘ. সংবাদ, জনকণ্ঠ, যুগান্তর, ডেইলি স্টার, নিউ নেশন : এক ম্যাচ বাকি থাকতেই পাকিস্তানের বিরুদ্ধে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে বাংলাদেশ ক্রিকেট দলের সাফল্যে অভিনন্দন;

ঙ. যুগান্তর : তিন সিটি কর্পোরেশন নির্বাচনে সেনাবাহিনী মোতায়েনের সুপারিশ;

চ. ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : নববর্ষের উৎসবে টিএসসি এলাকায় নারীদের ওপর নিপীড়নের ঘটনা সংক্রান্ত সিসিটিভি ফুটেজগুলো প্রচার করাসহ অতিগুরুত্বের সাথে ঘটনাকে মোকাবিলা করার জন্য পুলিশের প্রতি আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : প্রকৃত মানবসম্পদ সৃষ্টিতে প্রয়োজনভিত্তিক শিক্ষার সুযোগ সুবিধা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান : মহাসড়কে চাঁদাবাজি, গ্রেফতার বাণিজ্য, টাকা আদায়ে গ্রেফতারকৃতদের নির্যাতনসহ অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ডে পুলিশের জড়িত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে কর্তৃপক্ষকে কঠোর হাতে এসব কার্যকলাপ নিয়ন্ত্রণের সুপারিশ;

ঝ. নিউজ টুডে : সিটি কর্পোরেশন নির্বাচনে প্রার্থীসহ রাজনৈতিক নেতা-কর্মীদের সবাইকে নির্বাচনী আচরণবিধি যথাযথভাবে মেনে চলার আহ্বান;

ঞ. নিউ নেশন, নিউ এজ : অটিস্টিক শিশুদের প্রতি বিশেষ যত্নের ব্যবস্থা করা হলে তাদের অনেক সমস্যা সমাধান সম্ভব বলে অভিমত;

ট. নিউ এজ : হোম বেসড সোলার প্ল্যান্ট ও বায়োগ্যাস উৎপাদনে টেস্ট রিলিফ ও কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির অর্ধেক ফান্ড ব্যয় করার উদ্যোগের যথাযথ সফলতার প্রত্যাশা;

ঠ. ফিনানসিয়াল এক্সপ্রেস : শিক্ষার্থীদের কোচিং সেন্টারের ঝামেলা থেকে মুক্ত করতে স্কুলেই গুণগতমানের শিক্ষা প্রদানের ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে সিটি কর্পোরেশন নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু হলে আগামী জাতীয় নির্বাচনে দেশের মানুষ আশাবাদী ও প্রত্যয়ী হয়ে উঠবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'নারীর মর্যাদা ও নিরাপত্তার প্রশ্ন' শিরোনামের নিবন্ধে স্বপনা রেজা নারীর মানবাধিকার হরণ ও লঙ্ঘন করার অপরাধকে মানবতাবিরোধী অপরাধ বিবেচনা করে শাস্তি দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা